



স্মারক নম্বর- ০৫.৪৪.১৮৩১.০০০.৬৭.০০১.২৬-১৫১৩

তারিখ: ২০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

ডিসি ইকোপার্কের মাছ বিক্রয়ের বিজ্ঞপ্তি:

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয়ের মালিকানাধীন ডিসি ইকোপার্ক, শিবনগর, কার্পাসডাঙ্গা, দামুড়হুদা, চুয়াডাঙ্গার বটতলী বিলের (ডিসি ইকোপার্কের বিল) মাছ বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তিগণ ০৬/০৯/২০২৬ খ্রি: তারিখ হতে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সীলগালাকৃত মুখবন্ধখামে মাছ ধরার সিস্টেম বিবরণসহ লিখিত আবেদন আগামী ১০/০৯/২০২৬ খ্রি: তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করতে পারবেন। ১০/০৯/২০২৬ খ্রি: তারিখ দুপুর ১.০০ ঘটিকার পর আর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। ১০-০৯-২০২৬ তারিখে বিকাল ৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদের সভাকক্ষে সকলের উপস্থিতিতে দরপত্র খোলা ও যাচাই-বাছাই সম্পূর্ণ শেষে সর্বোচ্চ দরপ্রস্তাবকারীর নাম প্রকাশ করা হবে এবং নিম্নলিখিত শর্তসাপেক্ষে তাকে মাছ ধরার কার্যাদেশ প্রদান করা হবে। মাছের সরকারি দর নিয়ে উল্লেখ করা হলো:

ক্র: নং	মাছের নাম	প্রতি কেজি দর	০১ থেকে ০২ কেজি ওজন পর্যন্ত প্রতি কেজি দর	০২ থেকে ০৫ কেজি ওজন পর্যন্ত প্রতি কেজি দর	০৫ কেজি হতে তদুর্ধ্ব ওজন পর্যন্ত প্রতি কেজি দর
০১	খয়রা মাছ	৩৫০/-	-	-	-
০২	ঢেলা/ মলা/কাচকি মাছ	৩৫০/-	-	-	-
০৩	আইড় মাছ	৩৫০/-	-	-	-
০৪	শিং/মাগুর মাছ	৫০০/-	-	-	-
০৫	দেশি পুটি মাছ	২০০/-	-	-	-
০৬	টেংরা মাছ	৫০০/-	-	-	-
০৭	স্বরপুটি মাছ	২৫০/-	-	-	-
০৮	তেলাপিয়া মাছ	১৫০/-	-	-	-
০৯	সিলভার কার্প মাছ	-	১৫০/-	২৫০/-	৩০০/-
১০	মৃগেল মাছ	-	২০০/-	২৫০/-	৩০০/-
১১	রুই মাছ	-	২০০/-	৩০০/-	৩৫০/-
১২	কাতলা মাছ	-	-	-	৪০০/-
১৩	বিগ হেড মাছ	-	২০০/-	২৫০/-	৩০০/-
১৪	কালবাউশ মাছ	-	২০০/-	২৫০/-	৩০০/-

শর্তাবলী:

- ০১। প্রত্যেক দর প্রস্তাবকারীকে জামানত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার ফেরতযোগ্য বাংলাদেশ ব্যাংকের তফসিলিভুক্ত যে কোন ব্যাংকের পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা বরাবর সীলগালাকৃত খামে লিখিত আবেদনের সাথে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদান করতে হবে। জামানত ব্যতীত কোন খাম পাওয়া গেলে তা তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে।
- ০২। প্রত্যেক মাছের দর পৃথক পৃথকভাবে উল্লেখ করতে হবে এবং উল্লিখিত দরের নিচে দাখিলকৃত দর গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, দাখিলকৃত দরের সমন্বিত যোগফলের সর্বোচ্চ দরপ্রস্তাবকারীকে সর্বোচ্চ দরদাতা হিসেবে গণ্য করা হবে।
- ০৩। নৌকা, জাল টানা এবং শ্রমিকদের মজুরিসহ অন্যান্য সকল খরচ দরপ্রস্তাবকারীকে নিজ দায়িত্বে পরিশোধ করতে হবে।
- ০৪। সর্বোচ্চ দরপ্রস্তাবকারীকে নির্দিষ্ট মাছ ধরার দিনে/দিনসমূহে মাছ ধরে ডিসি ইকো পার্কের লেকের ধারে মাছের ওজন ডিজিটাল স্কেলে পরিমাপপূর্বক ওজনের সমপরিমাণ কেজি প্রতি মাছের মূল্য বাবদ সমুদয় অর্থ মাছ ধরার স্পটে অর্থাৎ ইকো পার্কের লেকের ধারেই কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধির নিকট মূল্য তাৎক্ষণিক পরিশোধ করতে হবে।
- ০৫। কোন প্রকার বিষ অথবা বিষ জাতীয় পদার্থ বা অন্য কোন রাসায়নিক পদার্থ প্রয়োগ করে মাছ ধরা যাবে না।
- ০৬। শুধুমাত্র নৌকার মাধ্যমে আইন অনুযায়ী বৈধ জাল টেনে মাছ ধরা যাবে। বৈধ জাল ব্যতীত অন্য কোন কিছু দিয়ে মাছ ধরা যাবে না।
- ০৭। সর্বোচ্চ দরপ্রস্তাবকারীকে মাছ ধরার ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক কার্যাদেশে নির্ধারিত সময়সীমার মধ্যে মাছ ধরা শেষ করতে হবে।
- ০৮। কাঙ্ক্ষিত মূল্য না পেলে অথবা যে কোন কারণে এই বিজ্ঞপ্তির সকল কার্যক্রম বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ০৯। প্রচলিত সরকারি বিধি মোতাবেক এ বিজ্ঞপ্তির বিষয়ে যে কোন সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১০। উল্লিখিত শর্ত ভঙ্গ হলে মাছ ধরার কার্যাদেশ তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ১১। বিজ্ঞপ্তিতে উল্লিখিত মাছ ব্যতীত অন্য কোন মাছ বা জলজ প্রাণি ধরা যাবে না বা ক্ষতিসাধন করা যাবে না। উল্লিখিত জলাশয়ের প্রাকৃতিক পরিবেশ নষ্ট করা যাবে না।
- ১২। কোন বিরূপ পরিস্থিতিতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কার্যাদেশ তাৎক্ষণিক বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

লাভুলী ইয়াসমিন
উপজেলা নির্বাহী অফিসার

ও
সদস্য সচিব
ডিসি ইকোপার্ক পরিচালনা কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা

স্মারক নম্বর- ০৫.৪৪.১৮৩১.০০০.৬৭.০০১.২৬-১৫১৩

তারিখ: ২০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ:

- ০১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ০২। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর/আলমডাঙ্গা/জীবননগর, চুয়াডাঙ্গা। (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর/গাংনী, মেহেরপুর। (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি), চুয়াডাঙ্গা। (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয়ের ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। উপজেলা মৎস্য অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা। (মৎস্যজীবীদের নিকট বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। অফিসার ইনচার্জ, দামুড়হুদা মডেল থানা, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
- ০৮। অফিসার ইনচার্জ, দর্শনা থানা, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
- ০৯। উপজেলা আইসিটি অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), দামুড়হুদা, চুয়াডাঙ্গা। (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), দামুড়হুদা, চুয়াডাঙ্গা। (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। সভাপতি, প্রেসক্লাব, দামুড়হুদা/দর্শনা, চুয়াডাঙ্গা
- ১৩। সম্পাদক,.....পত্রিকায় বিজ্ঞপ্তিটি আগামী ০৫-০৯-২০২৬ তারিখের সংখ্যায় প্রকাশ করে ০২ কপি অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৪। সভাপতি, বণিক সমিতি, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
- ১৫। মৎস্য আড়ৎদার (সকল), দামুড়হুদা, চুয়াডাঙ্গা।


লাজলী ইয়াসমিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
ডিসি ইকোপার্ক পরিচালনা কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা